# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি- চতুর্থ

## বিষয়- ইতিহাস

## গ্রিক ও রোম সাম্রাজ্য (47-51 পাতা )

### গ্রিক সাম্রাজ্য ঃ

1. গ্রিস দেশটি কোথায় অবস্থিত?(47 পাতা)
2.গ্রিকরা নৌবিদ্যা ও ব্যবসা-বানিজ্যে পারদর্শী ছিল কেন?(49 পাতা সংক্ষিপ্ত প্রশ্ন )
3.গ্রিকরা যুদ্ধ -বিগ্রহ শিখেছিল কেন?(47 পাতা)
4.টীকা লেখঃ গ্রিক মহাকাব্য।
উঃ গ্রিক কবি হোমারের লেখা দুটি গ্রিক মহাকাব্য হল ইলিয়াড ও ওডিসি।ইলিয়াড মহাকাব্যে তিনি গ্রিসের সঙ্গে ট্রয় রাজ্যের যুদ্ধে গ্রিকরা কীভাবে জয়ী হয় তার কাহিনী লিপিবদ্ধ করেন ও ওডিসি মহাকাব্যে গ্রিসের একটি রাজ্যের রাজা ইউলিসিস যুদ্ধ জয় করে বিভিন্ন দেশ ভ্রমণের যে আশ্চর্য অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন সেই ভ্রমণ বৃত্তান্ত লিপিবদ্ধ করেন।
5. কী কারণে গ্রিস ও পারস্যের লড়াই হত? (47-পাতা)
6.আলেকজান্ডার কে ছিলেন? তিনি গ্রিক সাম্রাজ্য কতটা বিস্তার করেছিলেন?(47-48 পাতা)
7.পুরু কে ছিলেন? আলেকজান্ডার কেন তাঁর রাজ্য তাঁকে ফিরিয়ে দিয়েছিলেন?(48 পাতা)
8.আলেকজান্ডারের মৃত্যুর পর কেন তাঁর সাম্রাজ্য ভেঙে পড়েছিল?(48 পাতা )
9.টিকা :বীর আলেকজান্ডার
গ্রিসের উত্তর অংশে অবস্থিত ম্যাসিডন রাজ্যের রাজা ছিলেন আলেকজান্ডার. তিনি একজন বীর যোদ্ধা, একজন বিখ্যাত বিজেতা. তিনি প্রাচীন গ্রিসের জনগনকে

ঐক্যবদ্ধ করেছিলেন এবং তার নেতৃত্বে গ্রিস সৈন্য পারস্য সাম্রাজ্য জয় করেছিলেন. তাকে বিশ্ব ইতিহাসের শীর্ষ সেনাপতি হিসাবে বিবেচনা করা হয়.এই গ্রিক বীর পৃথিবী জয় করার বাসনা নিয়ে এশিয়া মাইনর(বর্তমান তুরস্ক) থেকে শুরু করে একে একে তিনি সিরিয়া, মিশর জয় করে ভারতে এসে পৌঁছান. সেখানে তিনি পৌরব রাজা পুরুর কাছে সর্বপ্রথম বাঁধা পান. তীব্র যুদ্ধের পর পুরু হেরে জান. কিন্তু পুরুর বীরত্ব দেখে মুগ্ধ হয়ে তিনি পুরুকে রাজ্য ফিরিয়ে দেন. তিনি ঝিলাম নদীর তীরে যুদ্ধে জয়লাভ করেন. সেই সময় তার সৈন্যরা অসুস্থ হয়ে পড়ে. সৈন্যদের নিয়ে দেশে ফিরে আসার সময় ইরাকের ব্যবিলনে তার মৃত্যু হয়.

তার মৃত্যুর পর ম্যাসিডনিয়ায় গৃহযুদ্ধ দেখা যায়. তার বৃহৎ সাম্রাজ্য ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যে বিভক্ত হয়ে পড়ে. তিনি কুড়িটি নগর প্রতিষ্ঠা করেছিলেন যার অন্যতম হল মিশরের আলেকজান্ড্রিয়া . প্রতিটি নগরেই প্রাচীন গ্রিক সংস্কৃতির বিকাশ ঘটিয়েছিলেন.

## রোম সাম্রাজ্য ঃ

1.রোমের কারা, কীভাবে অভিজাত হয়ে উঠেছিল?(51 পাতা সংক্ষিপ্ত প্রশ্ন )

2.কার্থেজ রাজ্যটি কোথায় অবস্থিত ছিল? কী কারণে রোম কার্থেজ যুদ্ধ হয়েছিল?এই যুদ্ধের পরিণতি কী হয়েছিল?

উঃ ভূমধ্যসাগরের দক্ষিণ দিকে------------ কার্থেজের নাম মুছে দেয়।

3.রোমের সাথে কোন্ কোন্ দেশের বানিজ্যিক সম্পর্ক গড়ে উঠেছিল?(50 পাতা)

4.টীকা লেখঃ মরণ খেলা।

উঃ রোমের যুদ্ধ বন্দিদের দাস বা ক্রীতদাস-----------এই নারকীয় মরণ খেলা।

5. স্পার্টাকাস কে ছিলেন?

উঃ স্পার্টাকাস ছিলেন রোমের একজন ক্রীতদাস।যার নেতৃত্বে রোমান দাসরা রোম সাম্রাজ্যের বিরুদ্ধে বিদ্রোহ করে।

(বিষয়টি ভালোভাবে রিডিং পড়তে হবে।প্রশ্নোত্তর গুলি ও পড়তে হবে।)

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**